গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৫০

জনগণের স্বাস্থ্য নিয়ে কাউকে ব্যবসা করতে দেয়া হবে না

- স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী

রাজশাহী; ৩১ ভাদ্র (১৫ সেপ্টেম্বর):

জনগণের স্বাস্থ্য নিয়ে কাউকে ব্যবসা করতে দেয়া হবে না বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক। আজ বৃহস্পতিবার সকালে রাজশাহী সদর হাসপাতাল (ডেন্টাল ইউনিট) পরিদর্শনে গিয়ে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী এ মন্তব্য করেন।

জাহিদ মালেক বলেন, জনগণের স্বাস্থ্য নিয়ে কেউ ছিনিমিনি খেলবে তা হতে দেব না। জনগণের স্বাস্থ্য নিয়ে কাউকে ব্যবসা করতে দেয়া হবে না। এজন্য ইতিমধ্যে প্রায় দুই হাজার অবৈধ হাসপাতাল-ক্লিনিক বন্ধ করা হয়েছে। তিনি বলেন, যেসব প্রতিষ্ঠান স্বাস্থ্যসেবা দিচ্ছে তারা যদি সঠিক নিয়মে সেবা না দেয় তা হলে তাদের কাজ করতে দেয়া হবে না। জনগণের স্বাস্থ্য নিয়ে কেউ ছিনিমিনি খেলবে, ব্যবসা করবে এটা হতে পারে না।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, সরকারের কিছু নিয়ম-নীতি আছে। স্বাস্থ্যসেবা দিচ্ছে এমন কোনো প্রতিষ্ঠান অবৈধভাবে পরিচালনা করা যাবে না। এ ব্যাপারে আমরা পদক্ষেপ নিয়েছি। প্রায় দুই হাজারের মতো প্রতিষ্ঠান বন্ধ করেছি। কিছু কিছু প্রতিষ্ঠানকে আমরা নোটিশ দিয়েছি। আবার ইতিমধ্যে যারা শর্ত পূরণ করেছে তাদেরকে কার্যক্রম পরিচালনা করার সুযোগও দেয়া হয়েছে।

পরিদর্শনকালে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম, বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. হাবিবুল আহসান তালুকদার, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল শামীম ইয়াজদানী, রাজশাহী মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. নওশাদ আলী এবং স্বাস্থ্য বিভাগের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/আতিক/রুহুল/রোকন/২০২২/১৪.০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd